# অ্যানেক্সার - 6

## গাইডেন্স নোট- বিনিয়োগকারীদের জন্য এক্সচেঞ্জে ব্যবসা করার ক্ষেত্রে কি করণীয় এবং করণীয় নয়

**ব্যবসা শুরু পূর্বে**

1. আপনি একমাত্র SEBI-র সাথে এবং SEBI-র দ্বারা নিবন্ধিকৃত মধ্যস্থতাকারীদের সাথে ব্যবসা করছেন বলে নিশ্চিত হন। স্টক এক্সচেঞ্জে www.exchange.com এবং SEBI ওয়েবসাইটে www.sebi.gov.in উপলব্ধ তালিকা থেকে আপনি তাদের SEBI-র রেজিস্ট্রেশন সার্টিফিকেট নম্বর পরীক্ষা করতে পারবেন।
2. আপনি KYC সম্পূর্ণভাবে পূরণ করেছেন কিনা নিশ্চিত হন এবং KYC ফর্মের খালী স্থানগুলি কেটে দিন।
3. আপনি স্টক ব্রোকারের সকল বাধ্যতামূলক ডকুমেন্ট যেমন অধিকার এবং বাধ্যবাধকতা, রিস্ক ডিসক্লোজার ডকুমেন্ট, পলিসি এন্ড প্রোসিডিওর ডকুমেন্টগুলি পড়েছেন বলে নিশ্চিত হন।
4. স্টক ব্রোকার এবং আপনার মধ্যে ঐচ্ছিক ধারাগুলি, যদি থাকে, আপনি সেগুলি পড়েছেন, বুঝেছেন এবং তারপর তাতে স্বাক্ষর করেছেন বলে নিশ্চিত হন। মনে রাখবেন যে আপনার এবং স্টক ব্রোকারের মধ্যে স্বাক্ষরিত ধারাগুলি আপনার সম্মতি ব্যতীরেকে বদল করা যাবে না।
5. ব্যবসার জন্য ব্রোকার দ্বারা আপনার ওপর আরোপিত সকল ব্রোকারেজ, কমিশন, ফীজ এবং অন্যান্য খরচ সম্পর্কে এবং প্রাসঙ্গিক উপায়/SEBI/স্টক এক্সচেঞ্জের নির্দেশনা সম্পর্কে পরিস্কার ধারণা নিন।
6. আপনার দ্বারা সঞ্চালিত সকল ডকুমেন্টের একটি কপি স্টক ব্রোকারের কাছ থেকে বিনামূল্যে সংগ্রহ করুন।
7. যদি আপনি স্টক ব্রোকারের পক্ষে পাওয়ার অফ অ্যাটর্নি (POA)-র জারি করতে চান, তাহলে আপনার ব্যাঙ্ক, ডিম্যাট অ্যাকাউন্টকে ক্ষমতাপ্রদান করুন, অনুগ্রহ করে SEBI/এক্সচেঞ্জ দ্বারা জারি করা নির্দেশিকাটি পড়ুন।

**লেনদেন এবং নিস্পত্তি**

8. আপনি লিখিত আকারে বিশেষভাবে অনুমোদন করলে স্টক ব্রোকার ইলেক্ট্রনিক কনট্যাক্ট নোটস (ECN) জারী করতে পারে। এই কাজের জন্য স্টক ব্রোকারকে আপনার ইমেল আইডি দিতে হবে। যদি আপনি কম্পিউটারে সড়গড় না হন তাহলে ECN-র সুবিধা নেবেন না।
9. আপনার ইন্টারনেট ট্রেডিং অ্যাকাউন্ট এবং পাসওয়ার্ড অপর কাউকে দেবেন না।
10. স্টক ব্রোকারকে নগদে কোনো পেমেন্ট করবেন না।
11. স্টক ব্রোকারকে অ্যাকাউন্ট পেয়ী চেক দ্বারা পেমেন্ট করুন। সাব-ব্রোকারের নামে চেক জারী করবেন না। ব্যাঙ্ক/ডিম্যাট অ্যাকাউন্টে জমা করা ব্যাঙ্কের অ্যাকাউন্টের স্লিপে তারিখ, স্ক্রিপ, পরিমাণ আপনার কাছে স্টক ব্রোকারকে দেওয়া ডকুমেন্টারী প্রমাণ/ডিপোজিট অফ সিকিউরিটিজ আছে বলে নিশ্চিত হন।
12. স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে, যেখানে ট্রেডের বিষয়ে বিস্তারিত উল্লেখ আছে সেখানে বাণিজ্যিক যাচাইকরণ উপলব্ধ আছে বলে নিশ্চিত করুন এবং কন্ট্রাক্ট নোট যাচাই করুন। যদি কন্ট্রাক্ট নোটের সাথে ওয়েবসাইটের ব্যবসার বিস্তারিত বিবরণ না মেলে, তাহলে সাথে সাথেই নির্ধারিত স্টক এক্সচেঞ্জের ইনভেস্টার্স গ্রিভেন্স সেল-এর সাথে যোগাযোগ করুন।
13. যদি আপনি অ্যাকাউন্ট চালু করার জন্য, তহবিল প্রদানের জন্য অথবা সিকিউরিটিজ ডেলিভারী করার জন্য (সময় সময়ে হয়তো এমনটা হতে পারে) কর্তৃত্বদান করেন, তাহলে হয়তো এক্সচেঞ্জ থেকে পে আউট অর্ডার পাবার পর সেই একই দিনে কাজটা সম্পন্ন নাও হতে পারে। তাই স্টক ব্রোকার নিচে উল্লেখিত বিষয় ক্ষেত্রে আপনার হয়ে একটা চালু অ্যাকাউন্ট রক্ষণাবেক্ষন করে চলবেন।
    - a) আপনার কাছ থেকে আপনার স্বাক্ষর করা তারিখ উল্লেখ করা এই ধরণের কর্তৃত্বদানে এই ধারাটি উল্লেখ থাকবে যে আপনি চাইলে এই সুবিধাটি যেকোন সময় বাতিল করে দিতে পারেন।
    - b) তহবিলের প্রকৃত নিস্পত্তি এবং সিকিউরিটিজ অগ্রাধিকারের ওপর নির্ভর করে ক্যালেন্ডার কোয়ার্টারে একবার, মাসে অন্তত একবার স্টক ব্রোকার করবেন। অ্যাকাউন্ট নিস্পত্তি করার সময়, স্টক ব্রোকার আপনাকে একটি 'স্টেটমেন্ট অফ অ্যাকাউন্টস' পাঠাবেন যেখানে তহবিলের জন্য গ্রাহকের লেজার এবং রেজিস্টার অফ সিকিউরিটিজ থেকে সংগ্রহ করা নির্যাস থাকবে। এগুলিতে তহবিলের সকল রিসিট/ডেলিভারিজ প্রদর্শন করা থাকবে। এই স্টেটমেন্টে তহবিল এবং সিকিউরিটিজ এবং প্রতিশ্রুতি শেয়ারের বিস্তারিত বিবরণ যদি কিছু থাকে, তাহলে সেগুলি থাকবে।
    - c) নিস্পত্তির দিন, স্টক ব্রোকার প্রয়োজনীয় সিকিউরিটিজ/তহবিলগুলি অনাদায়ী দায়বদ্ধতার জন্য ধরে রাখতে পারে এবং আগামী 5 দিনের ব্যবসার জন্য আয়ের মার্জিন দায়বদ্ধতার জন্য প্রয়োজনীয় আশান্বিত তহবিলও এক্সচেঞ্জ দ্বারা এক নির্দিষ্ট উপায়ে গণনা করে ধরে রাখতে পারেন। নগদ মার্কেটের লেনদেনের ক্ষেত্রে স্টক ব্রোকার গ্রাহকের

কাছে থেকে নিস্পত্তির দিনে প্রাপ্য বাকী থাকা তহবিল এবং পরবর্তী দিনের ব্যবসায়ের সম্পূর্ণ পে-ইন-অব্লিগেশন এবং সিকিউরিটিজ ধরে রাখতে পারেন, এছাড়াও তিনি ক্যাশ মার্কেটে সেই দিনের নিস্পত্তি বাবদ লেনদেনের মূল্য তহবিল/সিকিউরিটিজ/মার্জিনও ধরে রাখতে পারেন।

d) স্টেটমেন্ট অফ অ্যাকাউন্টস অথবা সেটেলমেন্টে কোনপ্রকার বিবাদ ধরা পড়লে ক্ষেত্রমত হিসাবে লিখিত আকারে বিষয়টা তহবিল/সিকিউরিটিজ প্রাপ্তির যেকোন কাজের 7 (সাত) দিনের মধ্যে স্টক ব্রোকারের নজরে আনতে হবে। যদি বিবাদ হয়, তাহলে বিষয়টা নির্ধারিত স্টক এক্সচেঞ্জে বিলম্ব না করে লিখিত আকারে 'বিনিয়োগকারীর অভিযোগ সেল'-এ জানাতে হবে।

14. যদি আপনি চলতি অ্যাকাউন্ট রক্ষণাবেক্ষন না করেন এবং তহবিল/সিকিউরিটি-এর পে-আউট এক্সচেঞ্জ থেকে প্রাপ্ত-পে-আউটের পরের কাজে দিনেও না পান, তাহলে বিষয়টা স্টক ব্রোকারকে জানান। যদি সেখানে কোনপ্রকার বিরোধ দেখা দেয় তাহলে বিষয়টা নির্ধারিত স্টক এক্সচেঞ্জে লিখিত আকারে 'বিনিয়োগকারীর অভিযোগ সেল'-এ জানিয়ে সাথে সাথেই অভিযোগ দাখিল করবেন।

15. অনুগ্রহ করে আপনার মোবাইল নম্বর এবং ইমেল আইডি স্টক ব্রোকারের কাছে নথিভুক্ত করান, যাতে আপনি ব্যবসা সংক্রান্ত তথ্যের সতর্কবার্তা/লেনদেনের বিবরণ ট্রেডিং দিনের শেষে স্টক এক্সচেঞ্জ থেকে SMS অথবা ইমেল মারফত পেতে পারেন।

## ট্রেডিং সদস্যপদ পরিসমাপ্তি হলে

16. যদি কোনো স্টক ব্রোকার তার সদস্যপদ ত্যাগ করেন, সদস্যপদ থেকে বহিস্কৃত হন অথবা ডিফল্টার হিসাবে ঘোষিত হয়, স্টক এক্সচেঞ্জ দাবী সম্পর্কিত একটি পাব্লিক নোটিশ প্রকাশ করবে যেখানে শুধুমাত্র বিনিয়োগকারীদের স্টকএক্সচেঞ্জের "ট্রেডিং সিস্টেমে সঞ্চালিত লেনদেন" বিষয়টি জড়িত থাকবে। আপনি নির্ধারিত স্টক এক্সচেঞ্জে নির্ধারিত সময়ের ভেতর সাহায্যকারী ডকুমেন্ট সহ একটি দাবীপত্র করবেন বলে নিশ্চিত হন।

17. স্টক ব্রোকারের কাছে জমা দেওয়া অর্থ/সিকিউরিটিজ-এর সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলির সাথে নিজেকে অভ্যস্ত করে নিন, বিশেষ করে যদি আপনি ডিফল্ট অথবা স্টক ব্রোকারের অর্থশূণ্যতা অথবা দেউলিয়া অবস্থা থেকে আপনি নিজের অর্থ/সিকিউরিটিজ পুনরুদ্ধার করতে পারেন যা সংশ্লিষ্ট স্টক ব্রোকারের উপনিয়ম এবং প্রবিধান দ্বারা নিয়ন্ত্রিত হতে পারে যেখানে ব্যবসা বিনিয়োগকারীদের সুরক্ষা তহবিলে সময়ে সময়ে স্কীম মারফত পালন করা হতে পারে।

## বিতর্ক/অভিযোগগুলি

18. অনুগ্রহ করে নোট করবেন যে সালিসি বিচারকার্যের বিবরণ, ব্রোকার অভিযোগের বিরুদ্ধে দন্ডদায়ক কর্ম এবং স্টক ব্রোকারের বিরুদ্ধে বিনিয়োগকারীদের দন্ডদায়ক কর্ম সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের ওয়েব সাইটে প্রকাশিত হবে।

19. যদি আপনার বিষয়/সমস্যা/অভিযোগ নির্ধারিত স্টক ব্রোকার/সাব-ব্রোকার দ্বারা নিস্পত্তি না করা হয়, তাহলে আপনি বিষয়টা সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের নজরে আনতে পারেন। যদি তবুও আপনি অভিযোগের সমাধান নিয়ে সন্তুষ্ট না হন, তাহলে আপনি বিষয়টা SEBI-র নজরে ধাপে ধাপে আনতে পারেন।

20. মনে রাখবেন যে SEBI, স্টক সকল ব্রোকার/সাব-ব্রোকারকে অভিযোগ প্রতিবিধান বিভাগ/সন্মতি সম্পর্কিত আধিকারিকের কাছে বিশেষভাবে অভিযোগ নথিভুক্ত করার জন্য একটি ইমেল ID নামকরণ করার বিষয়টি বাধ্যতামূলক করেছে।